



নং- ১৯.০২.৯৯৯২.২০০.০১.০১২.১৮

২২ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো-এর উদ্যোগে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় এবং যথাযোগ্য মর্যদায় ২২ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ হাউজ প্রাঙ্গনে বাংলা নববর্ষ ১৪৩১ ও ঈদ পুনর্মিলনী'র আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অন্টারিও প্রাদেশিক পরিষদের সদস্য মিস্টার পল চিয়াং, টরন্টোস্থ বিভিন্ন কনস্যুলেটের কনসাল জেনারেল, টরন্টোস্থ স্কুলের শিক্ষক, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিত্ব ও সর্বস্তরের প্রবাসী বাংলাদেশী। তাদের অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে এবং প্রবাসে বাংলা সংস্কৃতির মেলবন্ধন তৈরি করে। অনুষ্ঠানের শুরুতে কনসাল জেনারেল জনাব মোঃ ফারুক হোসেন তার স্বাগত বক্তব্যে বাংলা নববর্ষ ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে উপস্থিত সকলকে বিলম্বিত নতুন বছরের শুভেচ্ছা ও ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। তিনি প্রবাসে থেকে দেশের ঐতিহ্য এবং সংস্কৃতিকে ধরে রাখার জন্য সবাইকে অনুরোধ জানান। বিশেষ করে, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের মধ্যে বাংলা সংস্কৃতি এবং ঐতিহ্য প্রসারে সবার সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠান প্রাঙ্গনে ঐতিহ্যবাহী বিভিন্ন পিঠা, মুড়লি, তিলের নারুসহ বিভিন্ন ধরনের খাবার পরিবেশন করা হয়। উপস্থিত অতিথিবৃন্দ বাঙালী সংস্কৃতির ঐতিহ্যে, অনুষ্ঠানব্যাপী স্থানীয় শিল্পীদের পরিবেশনায় মনোমুগ্ধ হয়ে উপভোগ করেন সমবেত সংগীত, একক সংগীত, দলীয় নৃত্য, ও কবিতা আবৃত্তি। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে বাঙালীপণায় পোলাও, খিচুরি ও হরেক পদের তরকারি, ভাজি-ভর্তাসহ বিভিন্ন ধরনের ঘরের তৈরী দই, মিষ্টি পরিবেশন করা হয়। বাংলাদেশ হাউজ প্রাঙ্গনে আয়োজিত এই অনুষ্ঠানটি প্রবাসী বাংলাদেশীদের মাঝে মিলনমেলার আবহ সৃষ্টি করে এবং সকলের মধ্যে উৎসবের আনন্দ ছড়িয়ে দেয়।

পরিশেষে কনসাল জেনারেল জনাব মোঃ ফারুক হোসেন এবং তাঁর পত্নী মিস্ তাসনিম হক এই সফল আয়োজনের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতেও এধরনের অনুষ্ঠান আয়োজনের আশাবাদ ব্যক্ত করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

